# Annual Report

2017-18



বাংলাদেশ শিপিং কর্পোরেশন

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

**Bangladesh Shipping Corporation**

Carries your goods and goodwill




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রচেষ্টায় স্বাধীনতা-উত্তর বাংলাদেশে (১০-৬-১৯৭২ খ্রিঃ)
বিএসসির বহরে সংযোজিত জাতীয় পতাকাবাহী প্রথম জাহাজ “বাংলার দূত”

“গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি
সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা, বঙ্গবন্ধু

**শেখ মুজিবুর রহমানকে,**

যিনি ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি
‘বাংলাদেশ শিপিং কর্পোরেশন’ প্রতিষ্ঠা করেন এবং
নৌ-সেক্টরের গুরুত্ব অনুধাবন করে নৌপরিবহন
মন্ত্রণালয়কে নিজের অধীনে রেখে এ-সংস্থার প্রারম্ভিক
উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।”





বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরসূরি, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়ন-অভিযাত্রায় বিএসসির বহরে প্রায় ২৭ বছর পর যুক্ত হয়েছে ০৬ (ছয়)টি জাহাজ।

**বিএসসি-পরিবার আন্তরিকভাবে কৃতজ্ঞ ও গর্বিত।**

بسم الله الرحمن الرحيم

# বাণী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



'বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'- এর ৪১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে আমি শেয়ারহোল্ডারসহ সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক নৌ-বাণিজ্যের গুরুত্ব অনুধাবন করে ১৯৭২ সালে জাতীয় পতাকাবাহী প্রতিষ্ঠান 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠা করেন। সাশ্রয়ী ও বাণিজ্যবান্ধব হওয়ায় বিশ্বে আন্তর্জাতিক বাণিজ্যের প্রায় ৯০ শতাংশ সমুদ্রপথে পরিচালিত হয়। আন্তর্জাতিক বাণিজ্যে রাষ্ট্রের অংশগ্রহণ ভারসাম্যপূর্ণ করার লক্ষ্যে সুষম বাণিজ্য-অবকাঠামো সৃষ্টি ও মেরিটাইম সেক্টরের উন্নয়নে এ-সংস্থার গুরুত্ব অপরিসীম।

বর্তমান সরকারের 'রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১' -এর সঙ্গে সামঞ্জস্য রেখে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলাদেশ' গড়ে তোলার অংশ হিসেবে বিএসসির জন্য একটি সুষম বাণিজ্যিক জাহাজের বহর সৃষ্টির পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। এ পরিকল্পনার অংশ হিসেবে চীন সরকারের অর্থায়নে ৬টি জাহাজ (৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ও ৩টি বাল্ক ক্যারিয়ার) সেপ্টেম্বর, ২০১৮ থেকে ফেব্রুয়ারি, ২০১৯-এর মধ্যে পর্যায়ক্রমে বিএসসির বহরে সংযোজিত হবে। এ প্রয়াস বিএসসি তথা রাষ্ট্রের একটি দৃশ্যমান উন্নয়ন, যা জাতির জন্য গর্বের বিষয়। এ ছাড়া আন্তর্জাতিক নৌ-বাণিজ্য ও দেশের উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে দ্রুততম সময়ে প্রয়োজনীয় জাহাজ সংগ্রহের লক্ষ্যে গৃহীত অন্য প্রকল্পসমূহ সফলভাবে বাস্তবায়ন করা হবে।

বিএসসি'র ২০১৭-২০১৮ অর্থবছরের লাভ-ক্ষতি ও উন্নয়ন উপস্থাপনপূর্বক বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ বার্ষিক প্রতিবেদন 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করতে সহায়ক হবে বলে আমি মনে করি।

আমি আশা করি, 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' আন্তর্জাতিক বাণিজ্যের উপযোগী একটি সুষম জাহাজ-বহর সৃষ্টি করে মুদ্রাসাশ্রয় ও কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখবে।

আমি 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র ৪১তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**শেখ হাসিনা**



মাননীয় নৌপরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি কর্তৃক চীনে নির্মাণাধীন ছয়টি জাহাজের প্রথম জাহাজ 'এম. ভি. বাংলার জয়যাত্রা' এর শুভ Launching



সমুদ্রে 'এম. ভি. বাংলার জয়যাত্রা'

মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
চেয়ারম্যান
বিএসসি পরিচালনা পর্ষদ ।



# বাণী

'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র ২০১৭-১৮ অর্থবছরের ৪১তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি খুবই আনন্দিত ।

বার্ষিক সাধারণ সভার শুভক্ষণে আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর ব্যক্তিগত উদ্যোগ ও পৃষ্ঠপোষকতায় ১৯৭২ সনের ফেব্রুয়ারি মাসে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠিত হয় । এ প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য হলো আন্তর্জাতিক নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং-সেবা প্রদান করার মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখা । এর ধারাবাহিকতায় আজও প্রতিষ্ঠানটি বাণিজ্যিক কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করে আসছে । বিগত কয়েক বছরে বিশ্বব্যাপী অব্যাহত শিপিং ব্যাবসায় মন্দার মধ্যেও সীমিত সংখ্যক জাহাজের বহর নিয়ে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে ২০১৭-১৮ অর্থবছরে বিএসসি নিট লাভ করতে সক্ষম হওয়ায় আমি বিএসসি কর্তৃপক্ষকে সাধুবাদ জানাচ্ছি ।

বঙ্গবন্ধুর সুযোগ্যা কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতায় বিএসসি'র উন্নয়নে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে । এরই ধারাবাহিকতায় শীঘ্রই ০৬টি নতুন জাহাজ বিএস-সি'র বহরে যুক্ত হতে যাচ্ছে; যার মধ্যে প্রথম জাহাজ 'বাংলার জয়যাত্রা' মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক শুভ উদ্বোধনের মাধ্যমে বিএসসি-র নবযাত্রার সূচনা হবে । পাশাপাশি বিএসসি-র বহর বাড়ানোর জন্য বেশ কয়েকটি জাহাজ ক্রয়ের প্রকল্প গ্রহণ করা হয়েছে । এসব জাহাজ সংযোজনের পাশাপাশি নতুন উদ্যোগ বাস্তবায়নের মধ্য দিয়ে বিএসসি'র বাণিজ্যিক কার্যক্রমে গতিশীলতা আসবে, যা দেশের উন্নয়ন-অগ্রযাত্রায় সহায়ক ভূমিকা রাখবে । ২০১৭ সালের ১৫ এপ্রিল মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত ঢাকাস্থ 'বিএসসি টাওয়ার' ইতোমধ্যে সংস্থার অর্থনৈতিক কর্মচাঞ্চল্য বাড়িয়ে দিয়েছে ।

আমি আশা করি সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান পরামর্শ ও দিক-নির্দেশনা এবং 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র কর্মকর্তা-কর্মচারীগণের নিরলস পরিশ্রমের মাধ্যমে এ-প্রতিষ্ঠানের উন্নতি অব্যাহত থাকবে ।

আমি 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র সার্বিক সাফল্য কামনা করছি ।

মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টা ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশের মর্যাদায় উন্নীত হয়েছে । এ ছাড়া মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মাধ্যমে দেশ আরও একধাপ এগিয়ে গেল । মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী ও 'মাদার অব হিউম্যানিটি' শেখ হাসিনার নেতৃত্বে জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধ করে শান্তি, গণতন্ত্র, উন্নয়ন এবং সমৃদ্ধির পথে বাংলাদেশ দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে । বাংলাদেশ এগিয়ে যাবেই–ইনশাআল্লাহ ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

**(শাজাহান খান, এম.পি)**

# বাণী

বিএসসি-র ২০১৭-২০১৮ অর্থবছরের ৪১তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক বাণিজ্যে নৌ-বাণিজ্যের গুরুত্ব অনুধাবন করে জাতীয় পতাকাবাহী সংস্থা 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' প্রতিষ্ঠা করেন। তাঁর সুযোগ্যা কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে নতুন প্রাণের সঞ্চার ঘটেছে দীর্ঘদিনের অবহেলিত বিএসসি'র কার্যক্রমে। তাঁর উদ্যোগেই বিএসসি-র উন্নয়নে ইতোমধ্যে জাহাজ সংগ্রহসহ নানাবিধ উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে; যার সুফল হিসেবে খুব শীঘ্রই চীনে নির্মাণাধীন ৬টি জাহাজ বিএসসি-র বহরে সংযোজিত হবে। এ ছাড়া জরুরি অবস্থায় স্ট্র্যাটেজিক দৃষ্টিকোণ থেকে আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ পরিস্থিতি মোকাবেলায় পণ্য পরিবহনে ভূমিকা রাখার জন্য আরও বেশ কয়েকটি জাহাজ ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যা "রূপকল্প ২০২১" ও "রূপকল্প ২০৪১" বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী। এ কর্মপরিকল্পনা বাস্তবায়নে সবাই নিজ-নিজ অবস্থান থেকে অবদান রাখবেন–এটাই আমাদের প্রত্যাশা। তা হলেই বঙ্গবন্ধুর হাতে গড়া এ-প্রতিষ্ঠান উত্তরোত্তর একটি ঐতিহ্যবাহী জাতীয় প্রতিষ্ঠান হিসেবে সুপ্রতিষ্ঠিত হবে।

আমি বিএসসি-র ৪১তম বার্ষিক সাধারণ সভার সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

**মেজর (অব.) রফিকুল ইসলাম, বীর উত্তম, এমপি**

**সংসদ-সদস্য**
২৬৪, চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি)
সভাপতি, নৌ-পরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত
সংসদীয় স্থায়ী কমিটি



# বাণী

**সচিব**
নৌ-পরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
সদস্য
বিএসসি পরিচালনা পর্ষদ ।



‘বাংলাদেশ শিপিং কর্পোরেশনে’র বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। পাশাপাশি শেয়ারহোল্ডারসহ এর সকল স্টেকহোল্ডারকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

স্বাধীন-সার্বভৌম বাংলাদেশে শক্তিশালী আন্তর্জাতিক নৌ-বাণিজ্যের ভিত গড়ে তোলার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি মহামান্য রাষ্ট্রপতির ১০ নং আদেশ-এর মাধ্যমে ‘বাংলাদেশ শিপিং কর্পোরেশন’ প্রতিষ্ঠা করেন। সূচনালগ্ন থেকে অদ্যাবধি এ-সংস্থা অত্যন্ত স্পর্শকাতর পণ্য, খাদ্য ও জ্বালানি পরিবহনের মাধ্যমে রাষ্ট্রের খাদ্য ও জ্বালানি নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তা ছাড়া মেরিটাইম সেক্টরে দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের পাশাপাশি বহির্বিশ্বে বাংলাদেশের সুনাম অনেকাংশেই বৃদ্ধি পেয়েছে। এ ধারাবাহিকতা ধরে রাখতে এবং বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্ববাজারের সাথে প্রতিযোগিতা করে টিকে থাকতে আন্তর্জাতিক সমুদ্রপথে আধুনিক জাহাজ পরিচালনা ও বাণিজ্যিক কার্যক্রমে নিত্যনতুন কৌশল অবলম্বন করার পাশাপাশি সার্বিক কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে। আমদানি ও রপ্তানি পণ্য পরিবহন করে এ-কর্পোরেশন জাতীয় ও ব্লু ইকোনমির উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি বহির্বিশ্বে আমাদের নেতৃত্ব প্রতিষ্ঠিত হবে–এ প্রত্যাশা করছি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুগ্রহ ও দিক-নির্দেশনায় এবং মাননীয় নৌপরিবহন মন্ত্রীর সার্বিক সহযোগিতায় ‘বাংলাদেশ শিপিং কর্পোরেশন’ ইতোমধ্যে বৈদেশিক ঋণ সহায়তায় ০৬টি নতুন জাহাজ (৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ও ৩টি বাল্ক ক্যারিয়ার) ক্রয় প্রকল্পের সফল বাস্তবায়নের মাধ্যমে ২৫ সেপ্টেম্বর ২০১৮ থেকে ফেব্রুয়ারি ২০১৯-এর মধ্যে বিএসসি-র বহরে সংযোজিত হবে।

‘বাংলাদেশ শিপিং কর্পোরেশনে’র উত্তরোত্তর উন্নতি, সাফল্য ও সমৃদ্ধি অব্যাহত থাকবে বলে আশা করছি এবং কর্পোরেশনের উন্নয়নের জন্যে সংস্থার সম্মানিত শেয়ারহোল্ডারদের সহযোগিতা কামনা করছি।

**(মোঃ আবদুস সামাদ)**

# বাণী



ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিপিং কর্পোরেশন

'বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'-এর ৩০ জুন, ২০১৮ খ্রি. তারিখে সমাপ্ত ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন, একই সময়ের নিরীক্ষিত হিসাব বিবরণী এবং প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমের উপর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি আনন্দিত।

'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' আন্তর্জাতিক সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ পরিচালনাকারী একমাত্র রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত উদ্যোগ ও পৃষ্ঠপোষকতায় এ-প্রতিষ্ঠানের যাত্রা শুরু হওয়ার পর থেকে অদ্যাবধি রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পণ্যসহ জ্বালানি, সার ও খাদ্যশস্য পরিবহন ছাড়াও জাতীয় স্বার্থে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে।

বর্তমান সরকারের সুযোগ্য দিক-নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় বিএসসি সামনের দিকে এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যে সরকারের উন্নয়ন সহযোগী এবং ব্লু-ইকোনমি ধারণা বাস্তবায়নের লক্ষ্যে 'রূপকল্প-২০২১ ও ২০৪১'-এর সাথে সামঞ্জস্য রেখে একটি স্বয়ংসম্পূর্ণ আন্তর্জাতিক শিপিং সংস্থা গড়ে তোলার লক্ষ্যে মিশ্র বাণিজ্যিক জাহাজ বহর সৃষ্টিসহ আনুষঙ্গিক নানাবিধ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ পরিকল্পনা বাস্তবাবায়নের অংশ হিসেবে ইতোমধ্যে চীন সরকারের ঋণের অধীনে ৬টি নতুন জাহাজের মধ্যে ২টি বিএসসি-বহরে যুক্ত হয়েছে এবং আশা করা যায়, বাকি জাহাজগুলো আগামী ফেব্রুয়ারি, ২০১৯ সালের মধ্যে পর্যায়ক্রমে বিএসসি-র বহরে সংযোজিত হবে। এ ছাড়া, ২০২২ সালের মধ্যে আরো ০৬টি জাহাজ (২টি নতুন কোল ক্যারিয়ার, ২টি নতুন মাদার ট্যাংকার, ২টি নতুন প্রোডাক্ট অয়েল ট্যাংকার) ক্রয় এবং ২০৪১ সালের মধ্যে আরও ২০টি জাহাজ (০৬টি নতুন এলএনজি ক্যারিয়ারসহ) সংগ্রহের লক্ষ্যে সকল কার্যক্রম পূর্ণোদ্যমে এগিয়ে চলছে। উল্লেখ্য, টেকসই উন্নয়নের জন্য শিপিং বাণিজ্য বৈচিত্রকরণের বিকল্প নেই। তা ছাড়া কন্টেইনার পরিবহন বাণিজ্যে বৈশ্বিক ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় বিএসসির লাভজনক ও সফল অংশগ্রহণ নিশ্চিতকরণে শ্রীলঙ্কা এবং বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত MoU-এর আওতায় যৌথ উদ্যোগে চট্টগ্রাম-কলম্বো-চট্টগ্রাম সমুদ্রপথে ফিডার সার্ভিস পরিচালনার প্রয়োজনীয় কার্যক্রম চলমান। আশা করা যায়, খুব শীঘ্রই লাভজনকভাবে উক্ত সার্ভিসটি শুরু করা সম্ভব হবে। BPC খুলনা অঞ্চলে প্রতিমাসে প্রায় ৫০,০০০ মেট্রিক টন তেল সরবরাহ করে। বিএসসি দুইটি Class Tanker Charter করে সমুদ্রপথে উক্ত তেল পরিবহনের পরিকল্পনা গ্রহণ করেছে। জাহাজ অর্জন ছাড়াও ঢাকায় নিজস্ব জমিতে নির্মিত ও গত ১৫ এপ্রিল ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী-উদ্বোধনকৃত ২৫-তলা ভবনটি বাণিজ্যিক ভিত্তিতে ভাড়া দেয়া হয়েছে এবং খুলনা ও চট্টগ্রামের নিজস্ব জমিও বাণিজ্যিকভাবে পরিচালনার কার্যক্রম চলমান।

'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র সার্বিক উন্নয়নে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, সরকারের বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভিন্ন সংস্থা কর্তৃক সহৃদয় পৃষ্ঠপোষকতা ও অব্যাহত সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সেইসাথে ভারাক্রান্ত হৃদয়ে স্মরণ করি সে-সকল সম্মানিত শেয়ারহোল্ডার ও প্রিয় সহকর্মীদের যাঁরা ইতোমধ্যে না-ফেরার দেশে চলে গিয়েছেন। আমি তাঁদের বিদেহী আত্মার চিরশান্তির জন্য মহান সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করছি।

সবশেষে, আমি আশা করি, সম্মানিত শেয়ারহোল্ডারগণ ও সরকারের মূল্যবান পরামর্শ ও দিক-নির্দেশনা অব্যাহত থাকলে এ-প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি ও সাফল্য অব্যাহত থাকবে। সে সাথে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র উন্নতি ও সাফল্য অব্যাহত রাখার জন্য আমি সম্মানিত শেয়ারহোল্ডারসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

**কমোডোর ইয়াহ্ইয়া সৈয়দ, বিএন**

# Board of Directors



**Mr. Shajahan Khan, M.P.**
Hon'ble Minister
Ministry of Shipping
Chairman



**Mr. Md. Abdus Samad**
Secretary
Ministry of Shipping
Member



**Commodore Yahya Syed** (C)
BCGMS, ndc, afwc, psc, BN
Managing Director, BSC
Member



**Md. Saiful Alam Hamidi**
Economic Advisor
Finance Division, Ministry of Finance
Member



**Mr. A.H.M. Ahasan**
Joint Secretary
Ministry of Commerce
Member



**Md. Habibur Rahman**
Executive Director (Finance), BSC
Member



**Mohammad Yousuf**
Executive Director (Technical) -Addl. Charge
&
Executive Director (Commercial) -Addl. Charge, BSC
Member



**Mr. Md. Abdul Kuddus**
Independent Director
Member



**Khaled Mahmud**
Secretary, BSC
Board Secretary

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

Carries your goods and goodwill

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

(অসীম দয়ালু ও পরম করুণাময় আল্লাহ্‌র নামে আরম্ভ করিতেছি ।)

“আল্লাহ সমুদ্রদ্বয়কে সম্মিলিতভাবে প্রবাহিত করিয়াছেন, উভয়ের মধ্যে অনতিক্রমণীয় বাধা রহিয়াছে। অতএব, তোমরা স্বীয় প্রতিপালকের কোন্ অনুগ্রহ অস্বীকার করিবে? উভয়ের অভ্যন্তর হইতে মুক্তা ও প্রবালসমূহ বাহির করা হয়। অতএব, তোমরা স্বীয় প্রতিপালকের কোন্ অনুগ্রহ অস্বীকার করিবে? আল্লাহ্‌র অনুগ্রহে বিশাল সমুদ্রের মধ্যে পর্বতসদৃশ জাহাজসমূহ চলাচল করিতেছে।

অতএব, তোমরা স্বীয় প্রতিপালকের কোন্ অনুগ্রহ অস্বীকার করিবে?”

(সুরা আর-রহমান : ১৯ হইতে ২৪ আয়াত)

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

١٩ مَرَجَ ٱلْبَحْرَيْنِ يَلْتَقِيَانِ

٢٠ بَيْنَهُمَا بَرْزَخٌ لَّا يَبْغِيَانِ

٢١ فَبِأَيِّ ءَالَآءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ

٢٢ يَخْرُجُ مِنْهُمَا ٱللُّؤْلُؤُ وَٱلْمَرْجَانُ

٢٣ فَبِأَيِّ ءَالَآءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ

٢٤ وَلَهُ ٱلْجَوَارِ ٱلْمُنشَـَٔاتُ فِى ٱلْبَحْرِ كَٱلْأَعْلَٰمِ

(سورة الرحمن - آيات ٢٤-١٩)



## ভিশন :

জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে এ-অঞ্চলের মুখ্য শিপিং কোম্পানিতে উন্নীত হওয়া এবং এ দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

## Vision :

As a national flag-carrier, to be the leading shipping company in the region.

## মিশন :

আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ শিপিং-সেবা প্রদান করা-সহ এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী সকল প্রকার কার্য সম্পাদন করার মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

## Mission :

To provide safe and efficient shipping services on international routes and carry out all forms of activities connected with or ancillary to shipping, thereby contributing to the national development.

# বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮




## সূচি


| | |
|---|---|
| বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি | ১৩ |
| একনজরে বিএসসি | ১৪ |
| জাহাজের তালিকা | ১৫ |
| পরিচালকমণ্ডলীর প্রতিবেদন | ১৬ |
| কর্পোরেট গভর্নেন্স প্রতিবেদন | ৩২ |
| কমপ্লায়েন্স সার্টিফিকেট | ৩৭ |
| স্থিরচিত্র | ৩৮ |
| বিএসসি'র পারফরমেন্স (২০১৩-২০১৪ হতে ২০১৭-২০১৮) | ৪৫ |
| গত দুই বছরের তুলনামূলক পরিসংখ্যান | ৪৬ |
| আর্থিক প্রতিবেদন | ৪৭ |
| বিএসসি'র প্রতিষ্ঠালগ্ন হতে চেয়ারম্যানবৃন্দ | ৭৩ |
| বিএসসি'র প্রতিষ্ঠালগ্ন হতে ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ | ৭৪ |
| বিএসসি'র অফিসসমূহ | ৭৬ |
| প্রতিনিধিপত্র (প্রক্সি ফরম) | ৭৭ |

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন
# Bangladesh Shipping Corporation
www.bsc.gov.bd

## ৪১তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'র সম্মানিত শেয়ারহোল্ডারগণের ৪১তম (২০১৭-২০১৮ অর্থবছরের) বার্ষিক সাধারণ সভা আগামী ২৪ নভেম্বর, ২০১৮ খ্রি. তারিখ, শনিবার, বেলা ১১:০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সি অডিটোরিয়াম, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসূচি নিম্নরূপ :-**

১। বিগত ১৫ মার্চ, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত শেয়ারহোল্ডারগণের ২০১৬-২০১৭ অর্থবছরের ৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

২। ৩০শে জুন, ২০১৮খ্রি. তারিখে সমাপ্ত অর্থবছরের বিএসসি'র সামগ্রিক কর্মকাণ্ডের উপর পরিচালকমণ্ডলীর পক্ষে পেশকৃত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

৩। ৩০শে জুন, ২০১৮ খ্রি. তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তৎসংশ্লিষ্ট বিষয়ে বহিঃ যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

৪। ২০১৮-২০১৯ অর্থবছরের বহিঃ যুগ্ম-নিরীক্ষক নিয়োগ।

৫। কর্পোরেট গভর্নেন্স কম্প্লায়েন্স সার্টিফিকেট ইস্যুর জন্য ২০১৮-২০১৯ অর্থবছরের প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট/সেক্রেটারি নিয়োগ।

৬। ২০১৭-২০১৮ অর্থবছরের লভ্যাংশ ঘোষণা।

৭। সভাপতির অনুমতিক্রমে সংশ্লিষ্ট যে-কোনো বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে

তারিখ: চট্টগ্রাম।
০১ নভেম্বর, ২০১৮খ্রি.।

সচিব

**টীকা:**

১। রেকর্ড তারিখ ছিল (The Record Date) ২৫শে অক্টোবর, ২০১৮খ্রি.। যে-সকল সম্মানিত শেয়ারহোল্ডারের নাম সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এবং কর্পোরেশনের শেয়ার মেম্বার রেজিস্টারে রেকর্ড তারিখে (Record Date-এ) অন্তর্ভুক্ত ছিল কেবল সে-সকল শেয়ারহোল্ডার বার্ষিক সাধারণ সভায় যোগদান করতে পারবেন এবং অনুমোদিত লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

২। সভায় অংশগ্রহণ ও ভোটদানের অনুমোদনপ্রাপ্ত সদস্য তাঁর পরিবর্তে অন্য কোনো ব্যক্তিকে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি (প্রতিনিধি) নিয়োগ করতে পারবেন।

৩। যে-সকল প্রক্সি সভা অনুষ্ঠানের অন্ততপক্ষে ৭২ ঘণ্টা পূর্বে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে পাওয়া যাবে, কেবল সে-সকল প্রক্সিই গ্রহণযোগ্য হবে।

৪। বিএসইসি'র ২৪ অক্টোবর, ২০১৩ খ্রি.-এর নির্দেশনা মোতাবেক আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোনোপ্রকার-উপহার/উপহার কুপন/যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।




# BSC at a GLANCE

(as on 30th June 2018)

| | | |
|---|---|---|
| Corporate Office | : | BSC Bhaban, Saltgola Road, Chattogram-4100. |
| Year of Establishment | : | 5th February, 1972 (Under the President Order No- 10 of 1972) |
| Concerned Ministry | : | Ministry of Shipping |
| Business | : | Shipping |
| Authorized Capital | : | Tk. 1000 Crore |
| Paid up Capital | : | Tk. 152.53 Crore (Approved Tk. 350 Crore) |
| Asset Value | : | Tk. 1024.73 Crore |
| Manpower | : | Shore-201 & Afloat-135 |
| Listed with DSE | : | August-1977 |
| Listed with CSE | : | November-1995 |
| Dhaka Regional Office | : | BSC Tower (22nd Floor), Plot No-2 & 3, Rajuk Avenue Dainik Bangla Circle, Dhaka-1000, Bangladesh. |
| Khulna Regional Office | : | Noushin Tower (3rd Floor), 11, KDA Avenue, Khulna. |
| BSC Marine Workshop | : | Saltgola Road (Near Jetty Gate No-5), Chattogram. |
| BSC Grain Conveyor Workshop | : | North Patenga (Near Jetty Gate No-7), Chattogram. |
| Website | : | www.bsc.gov.bd |




## বিদ্যমান জাহাজের তালিকা
### ৩০ জুন ২০১৮ পর্যন্ত

| ক্রমিক নং | জাহাজের নাম | তৈরির সাল | ডি. ডব্লিউ.টি (এম.এ) | জি.আর.টি | নির্মাণকারী দেশ | জাহাজ অর্জনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | এম. টি. বাংলার জ্যোতি | ১৯৮৭ | ১৪,৫৪১ | ৮,৬৭২ | ডেনমার্ক | ১৫-০৫-৮৭ |
| ০২ | এম. টি. বাংলার সৌরভ | ১৯৮৭ | ১৪,৫৪১ | ৮,৬৭২ | ডেনমার্ক | ১৪-১০-৮৭ |

## সম্প্রতি সংযোজিত নতুন জাহাজ

| ক্রমিক নং | জাহাজের নাম | তৈরির সাল | ডি. ডব্লিউ.টি (এম.এ) | জি.আর.টি | নির্মাণকারী দেশ | জাহাজ অর্জনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | এম. ভি. বাংলার জয়যাত্রা | ২০১৮ | ৩৮,৮৯৪ | ২৫,৮১৮ | চীন | ২৭-০৭-১৮ |
| ০১ | এম. ভি. বাংলার সমৃদ্ধি | ২০১৮ | ৩৮,৮৯৪ | ২৫,৮১৮ | চীন | ১০-১০-১৮ |

# পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

(২০১৭-২০১৮ অর্থবছর)



# শেয়ারহোল্ডারদের প্রতি উপস্থাপিত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

(২০১৭-১৮ অর্থবছর)

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**

১। 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং একই সময়ের নিরীক্ষিত হিসাব বিবরণী উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন' আন্তর্জাতিক সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ পরিচালনাকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। ১৯৭২ সালে এ-প্রতিষ্ঠানের যাত্রা শুরু হওয়ার পর থেকে অদ্যাবধি গুরুত্বপূর্ণ পণ্যসহ জ্বালানি, সার ও খাদ্যশস্য পরিবহন ছাড়াও বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে।

**২। ভিশন :**

জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে মুখ্য শিপিং কোম্পানিতে উন্নীত হওয়া এবং এ-দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

**৩। মিশন :**

আন্তর্জাতিক নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং-সেবা প্রদান করাসহ এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী সকল প্রকার কার্য সম্পাদন করার মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

**৪। 'বাংলাদেশ শিপিং কর্পোরেশনে'র (বিএসসি'র) উদ্দেশ্য :**

দেশের সামগ্রিক উন্নয়নের স্বার্থে বিএসসি নিম্নোক্ত উদ্দেশ্যাবলিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে থাকে :

(ক) জাহাজে পণ্য পরিবহনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনপূর্বক জাতীয় অর্থনীতিতে অবদান রাখা;

(খ) চাকুরির সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচনে অবদান রাখা;

(গ) মেরিটাইম সেক্টরে দক্ষ লোকবল সৃষ্টি করা;

(ঘ) আমদানীকৃত জ্বালানি পণ্য পরিবহন ও লাইটারেজ-এর মাধ্যমে জ্বালানি-নিরাপত্তায় অংশগ্রহণ;

(ঙ) খাদ্যশস্য ও সার পরিবহনের মাধ্যমে খাদ্যনিরাপত্তা নিশ্চিতকরণ;

(চ) জাতীয় উন্নয়ন ও নিরাপত্তার প্রয়োজনে শিপিং-এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী অন্য যেকোনো কার্য সম্পাদন।

(ছ) উল্লিখিত কার্যাবলি সাফল্যের সাথে সম্পন্নপূর্বক 'সুনীল অর্থনীতি'তে অবদান রাখা।

**৫। পরিচালনা পর্ষদ :**

'বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন ২০১৭ (২০১৭ সনের ১০নং আইন) এর ধারা ৬' মোতাবেক নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী চেয়ারম্যান এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব, বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক, অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, তিনজন সার্বক্ষণিক নির্বাহী পরিচালক ও একজন স্বতন্ত্র পরিচালকের সমন্বয়ে বর্তমানে নয়জন সদস্য নিয়ে 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন'-এর পরিচালনা পর্ষদ গঠিত।

**৬। মূলধন :**

৬.১। 'বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন ২০১৭ (২০১৭ সনের ১০নং আইন) এর ধারা ১৮(১)' মোতাবেক কর্পোরেশনের অনুমোদিত অন্যূন ১,০০০ (এক হাজার) কোটি টাকা এবং প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ১০ (দশ) টাকা।

৬.২। ৩০-০৬-২০১৮ তারিখে কর্পোরেশনের পরিশোধিত মূলধনের পরিমাণ ১,৫২৫,৩৫০,৪০০/- (একশত বায়ান্ন কোটি তিপ্পান্ন লক্ষ পঞ্চাশ হাজার চার শত) টাকা। তন্মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শেয়ার মূলধনের পরিমাণ ৭৯,৪৬,৩৪,৪০০/- (উনাশি কোটি ছেচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার চার শত) টাকা এবং সাধারণ শেয়ারহোল্ডারদের শেয়ার মূলধনের পরিমাণ ৭৩,০৭,১৬,০০০/- (তিয়াত্তর কোটি সাত লক্ষ ষোলো হাজার) টাকা। সরকারের শেয়ারের সংখ্যা ৭,৯৪,৬৩,৪৪০টি যা মোট শেয়ার সংখ্যার ৫২.১০ শতাংশ এবং সাধারণ শেয়ারহোল্ডারদের শেয়ারের সংখ্যা ৭,৩০,৭১,৬০০টি, যা মোট শেয়ার সংখ্যার ৪৭.৯০ শতাংশ।

## ৭। বাণিজ্যিক কার্যক্রম :

### ৭.১। আন্তর্জাতিক রুটে জাহাজ পরিচালনা :

আন্তর্জাতিক রুটে সার ও জ্বালানি তেল চার্টারিং-এর মাধ্যমে পরিচালনা করা হয়। এ ছাড়া বিএসসি-র বহরে সম্প্রতি সংযোজিত 'এম.ভি. বাংলার জয়যাত্রা' ও 'এম.ভি. বাংলার সমৃদ্ধি' জাহাজসমূহ আন্তর্জাতিক সমুদ্রপথে পরিচালনা করা হচ্ছে।

### ৭.২। কন্টেইনার ও ফিডার সার্ভিস :

বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে গত ১৪-০৭-২০১৭ তারিখে স্বাক্ষরিত MoU-বাস্তবায়নে এবং সংস্থার বাণিজ্যিক কার্যক্রমের পরিধি সম্প্রসারণের লক্ষ্যে যৌথ উদ্যোগে চট্টগ্রাম-কলম্বো- চট্টগ্রাম সমুদ্রপথে ফিডার সার্ভিস চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### ৭.৩। চার্টারিং/ট্রাম্পিং/লাইটারেজ সার্ভিস :

২০১৭-২০১৮ অর্থবছরে এবং পূর্ববর্তী অর্থবছরে চার্টারিং/ট্রাম্পিং/লাইটারেজ বাবদ আয়ের বিভাজন নিম্নরূপঃ-

| বিবরণ | ২০১৭-২০১৮ | ২০১৬-২০১৭ |
|---|---|---|
| নিজস্ব জাহাজ ভাড়া (টাকায়) | - | - |
| অশোধিত তৈল লাইটারেজ (টাকায়) | ৫৭,৪৬,০৯,১৫৫ | ৫৬,৩৫,৮২,৬৩৯ |
| এড্রেস কমিশন (টাকায়) | ১৩,০৫,১০,৫২৪ | ১২,১৬,০৮,৮২২ |
| সার্ভিস চার্জ (টাকায়) | ১২,৬৭,৫৪,৯২৬ | ১৩,৬৩,২১,৬৮৬ |

## ৭.৪। ৫ (পাঁচ) বছরের বাণিজ্যিক কার্যক্রম :

বিএসসি'র বাণিজ্যিক কার্যক্রমের উপর ২০১৭-১৮ অর্থবছর এবং বিগত ৪(চার) বছরের তথ্যাদি নিম্নরূপঃ-

| বিবরণ | ২০১৭-১৮ | ২০১৬-১৭ | ২০১৫-১৬ | ২০১৪-১৫ | ২০১৩-১৪ |
|---|---|---|---|---|---|
| (ক) বাংলাদেশ/পাকিস্তান/ পশ্চিম এশিয়া উপ-সাগরীয় সার্ভিস : | | | | | |
| সমুদ্রযাত্রা সংখ্যাঃ | | | - | ০২ | ১২ |
| পরিবাহিত পণ্য (শিপিং টন) : | | | | ২৫,৩৫০ | ৭৭,৫৮৩ |
| মোট আয় (টাকায়) | | | - | ৭,০৭,৪৩,৬২১ | ২২,২১,৯৩,২২৩ |
| (খ) চার্টারিং/ ট্রাম্পিং/ লাইটারেজ/ কন্টেইনার ও ফিডার সার্ভিস | | | | ২,৯১,০০,৪১৫ | ৩,৩৯,৮৭,৭২০ |
| নিজস্ব জাহাজ ভাড়া (টাকায়) | | | ২,৫৫,১৭,৯৫৬ | ৪৯,৯২,০০০ | ৭,৬৭,০০,৭১১ |
| অশোধিত তেল পরিবহন (টাকায়) | | - | - | - | - |
| অশোধিত তেল লাইটারেজ (টাকায়) | ৫৭,৪৬,০৯,১৫৫ | ৫৬,৩৫,৮২,৬৩৯ | ৪৭,৬২,৫৭,১৬৬ | ৫১,১০,৮৬,৫৭৬ | ৫০,৫০,৮৪,৭৭২ |
| খাদ্যশস্য লাইটারেজ (টাকায়) | - | - | - | --- | --- |
| এড্রেস কমিশন ও সার্ভিস চার্জ (টাকায়) | ২৫,৭২,৬৫,৪৫০ | ২৫,৭৯,৩০,৫০৮ | ২২,০৯,০৯,৩১২ | ২২,৬৯,৮৫,৭৭০ | ১৯,২৪,৭৬,১৭০ |
| মোট আয় (টাকায়) | ৮৩,১৮,৭৪,৬০৫ | ৮২,১৫,১৩,১৪৭ | ৭২,২৬,৮৪,৪৩৪ | ৭৭,২১,৬৪,৭৬১ | ৮০,৮২,৪৯,৩৭৩ |